# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (নবী হিসেবে) প্রেরিত হওয়ার পূর্ববর্তী (আসমানী) কিতাবসমূহে লিখিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গুণাবলী

## بَاب صِفَةِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكُتُبِ قَبْلَ مَبْعَثِهِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ، حَدَّثَنِي اللَّيْثُ، حَدَّثَنِي خَالِدٌ هُوَ ابْنُ يَزِيدَ، عَنْ سَعِيدٍ هُوَ ابْنُ أَبِي هِلَالٍ، عَنْ هِلَالِ بْنِ أُسَامَةَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ ابْنِ سَلَامٍ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّهُ كَانَ يَقُولُ: " إِنَّا لَنَجِدُ صِفَةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا، وَحِرْزًا، لِلْأُمِّيِّينَ، أَنْتَ عَبْدِي وَرَسُولِي، سَمَّيْتُهُ الْمُتَوَكِّلَ، لَيْسَ بِفَظٍّ، وَلَا غَلِيظٍ، وَلَا صَخَّابٍ بِالْأَسْوَاقِ، وَلَا يَجْزِي بِالسَّيِّئَةِ مِثْلَهَا، وَلَكِنْ يَعْفُو وَيَتَجَاوَزُ، وَلَنْ أَقْبِضَهُ حَتَّى يُقِيمَ الْمِلَّةَ الْمُتَعَوِّجَةَ بِأَنْ يَشْهَدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، نَفْتَحُ بِهِ أَعْيُنًا عُمْيًا وَآذَانًا صُمًّا، وَقُلُوبًا غُلْفًا "، قَالَ عَطَاءُ بْنُ يَسَارٍ: وَأَخْبَرَنِي أَبُو وَاقِدٍ اللَّيْثِيُّ: أَنَّهُ سَمِعَ كَعْبًا يَقُولُ مِثْلَ مَا قَالَ ابْنُ سَلَامٍ

إسناده ضعيف لضعف عبد الله بن صالح كاتب الليث وهو موقوف على ابن سلام

বাংলা

৬. (আব্দুল্লাহ) ইবনু সালাম রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলতেন, নিশ্চয়ই আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গুণাবলী (তাওরাতে) পেয়েছি: (সেখানে লেখা আছে, আল্লাহ বলেছেন) নিশ্চয়ই আমি আপনাকে শাহীদ (সাক্ষ্যদাতা), সুসংবাদ দাতা ও ভীতি প্রদর্শনকারী এবং উম্মী’দের (বেদুইনদের) আশ্রয়স্থল হিসেবে পাঠিয়েছি। আপনি আমার বান্দা ও আমার রাসূল। আমি আপনার নাম রেখেছি ’মুতাওয়াক্কীল’ (ভরসাকারী)। তিনি কঠোর স্বভাবের নন, নির্দয় নন; আর হাটে-বাজারে শোরগোলকারী নন। তিনি মন্দের প্রতিদানে মন্দ কিছু করবেন না, বরং তিনি ক্ষমা ও উপক্ষো করবেন। আপনার “লা- ইলাহা ইল্লাল্লাহ অর্থাৎ আল্লাহ ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই”- এ কথার সাক্ষ্য দেয়ার মাধ্যমে তিনি বাঁকা (খারাপ) হয়ে যাওয়া

জাতিকে সোজা না করা পর্যন্ত আমি তাঁকে মৃত্যু কখনোই দেব না। আমরা তাঁর মাধ্যমে অন্ধ চোখসমূহকে (দেখার জন্য), বধির কানসমূহকে (শ্রবণের জন্য) এবং আচ্ছাদিত হৃদয়সমূহকে উন্মোচন করে দেব।’[1]

আতা ইবনু ইয়াসার (রহঃ) বলেন: আমাকে আবী ওয়াকেদ লাইছী বর্ণনা করেছেন যে, তিনি কা’ব রাদ্বিয়াল্লাহু আনহু-কে তা-ই বলতে শুনেছেন যা আব্দুল্লাহ ইবনু সালাম রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ বা দুর্বল । লাইছের লেখক আব্দুল্লাহ ইবনু সালিহ এর দুর্বলতার জন্য ।

তাখরীজ: ফাসাবী, মা’রিফাতু ওয়াত তারীখ ৩/২৭৪; বাইহাকী, দালাইলুন নবুওয়াত ১/৩৭৬; ইবনু কাসীর, সীরাত ১/৩২৭; দেখুন, ফাতহুল বারী ৪/৩৪৩।
তবে এর শাহিদ হাদীস রয়েছে আব্দুল্লাহ ইবনু আমর রা: হতে আহমাদ ২/১৭৪ ও বুখারী, বুয়ূ ২১৫১ ও তাফসীর ৪৮৩৮ তে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45771

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন